# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম ঃ জুন/২০২২ইং

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | ৩ মাসের উর্দ্ধে | ৬ মাসের উর্দ্ধে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| নাই | ১টি | ১টি | ৩টি | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত (বর্তমান মাসের ১টি এবং পূর্বের মাসের ২টি ) ৩টি অভিযোগের বিবরণঃ<br><br>১। হোমনা লঞ্চঘাটের আনুমানিক ১৫(পনের) ফুট দৈর্ঘ্য পরিত্যক্ত পুরনো (যার ওজন প্রায় ১(এক) টন বা ১(এক) হাজার কেজি) ইস্পাতটি গত ১৬/০৩/২০২২ইং তারিখ লঞ্চঘাটের বর্তমান ইজারাদার, পল্টুন লস্কর কামাল মিয়া এবং চাঁদপুর ডিভিশনের কারিগরী সহকারী মোঃ আরিফ এর যোগসাজসে আত্মসাৎ করা হয় মর্মে হোমনা সচেতন নাগরিক, হোমনা, কুমিল্লা এর পক্ষে জনাব আরিফ আজাদ কর্তৃক গত ২২/০৩/২০২২ইং তারিখ বিআইডব্লিউটিএ বরাবর একটি আবেদন পত্র দাখিল করা হয়। উল্লিখিত অভিযোগপত্রের বিষয়ে তদন্ত করার জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৯৩৯/২০২২ তারিখঃ ১০/০৫/২০২২ইং দ্বারা জনাব মোঃ আব্দুর রহিম, অতিরিক্ত পরিচালক(মেরিন), নৌ-সওপ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২৩/০৫/২০২২ইং তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযোগটির সত্যতা প্রমানিত হয়নি। তথাপি উক্ত কর্মচারী জনাব মোঃ আরিফ হোসেন, কারিগরী সহকারী(পুর), চাঁদপুর ডিভিশন, প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, চাঁদপুর এবং জনাব মোঃ কামাল হোসেন ভূঁইয়া, লস্কর(ভারপ্রাপ্ত সারেং), হোমনা লঞ্চঘাট, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে সর্তক করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ২১/০৬/২০২২ইং তারিখ অভিযোগটি নিষ্পন্ন করা হয়েছে।<br><br>২। জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী সমন্বয় কর্মকর্তা, বন্দর ও পরিবহন বিভাগ, বরিশাল নদী বন্দর, বিআইডব্লিউটিএ, বরিশাল অনিয়ম-দূর্নীতির মাধ্যমে সরকারের রাজস্ব হাতিয়ে নেয়া, লঞ্চঘাটের শুল্ক ফাঁকি দিয়ে নিজের পকেট ভারী করা, এমপ্লয়ীজ ইউনিয়ন এর নামে স্থানীয় ব্যবসায়ীদের নিকট হতে চাঁদাবাজি করা, লঞ্চঘাটে অবস্থানরত যানবাহন হতে দৈনিক ও মাসিক হারে টাকা উত্তোলন করা এবং এমপ্লয়ীজ ইউনিয়নের নামে জমি লিজ নিয়ে স্থানীয় একাধিক ব্যবসায়ীদের নিকট ভাড়া দেয়া সহ অন্যান্য অভিযোগের বিষয়ে জনৈক আব্দুল মালেক, চরকাউয়া বাজার, বরিশাল সদর, বরিশাল (মোবাঃ ০১৯০২৯১৫৭৫৩) কর্তৃক বিআইডব্লিউটিএ | নাই | নাই | পূর্বের মাসের অনিষ্পন্ন ১টি অভিযোগের বিবরণ নিম্নরূপ ঃ<br><br>১। জনাব মোঃ আব্দুল মোতালেব, মাষ্টার পাইলট সুপারভাইজার, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর বিরুদ্ধে অনৈতিক কাজ ও ভিন্ন কৌশলে অর্থ আত্মসাৎ করা এবং হয়রানির বিষয়ে জনাব মোঃ শফিকুর রহমান, পরিচালনাকারী ম্যানেজার, ফয়সাল নেভিগেশন কোম্পানী(মোবাইল নং ০১৬১২-৯০০৩০০) কর্তৃক সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা বরাবর অভিযোগপত্র দাখিল করা হয়। বর্ণিত অভিযোগের বিষয়ে তদন্ত করে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য অভিযোগ পত্রটি এ কর্তৃপক্ষে প্রেরণ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ০৬/১২/২০২১ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত কর্মকর্তা গত ১৬/০৩/২০২২ইং তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বরাবর গত ৩০/০৩/২০২২ইং তারিখ একটি অভিযোগপত্র দাখিল করা হয়। বর্ণিত অভিযোগপত্রে উল্লিখিত বিষয়সমূহ সর্ম্পকে তথ্যানুসন্ধান করার জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৭৯৭/২০২২ তারিখঃ ১৯/০৪/২০২২ইং দ্বারা জনাব মোঃ হাবিবুর রহমান, উপ-পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২৯/০৫/২০২২ইং তারিখ কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করেন । তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী সমন্বয় কর্মকর্তা, বন্দর ও পরিবহন বিভাগ, বরিশাল নদী বন্দর, বিআইডব্লিউটিএ, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি। তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব মোঃ রফিকুল ইসলাম, সহকারী সমন্বয় কর্মকর্তা, বন্দর ও পরিবহন বিভাগ, বরিশাল নদী বন্দর, বিআইডব্লিউটিএ, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগটি প্রমানিত না হলেও কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৪৩০/২০২২ তারিখঃ ২০/০৬/২০২২ইং দ্বারা তাকে একই পদে বন্দর ও পরিবহন বিভাগ, বরিশাল নদী বন্দর, বিআইডব্লিউটিএ, বরিশাল হতে বরিশাল ষ্টোর, ক্রয় ও সংরক্ষণ বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল বদলী করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অভিযোগটি নিষ্পন্ন করা হয়েছে। উল্লেখ্য অভিযোগকারী অভিযোগপত্রে ঠিকানা উল্লেখ করেননি কিন্তু মোবাইল নম্বর উল্লেখ করেছেন। মোবাইলে বার বার ফোন দেয়ার চেষ্টা করেও মোবাইল বন্ধ থাকায় তাকে অবহিত করা সম্ভব হয়নি।<br><br>৩। ট্র্যাকিং নম্বর ১৮৪৫৩৩১৭৩৬১০১, তারিখঃ ২২-০৫-২০২২এর মাধ্যমে জনৈক জনাব মোঃ হানিফ (মোবাইল নম্বরঃ ০১৮৪৫৩৩১৭৩৬) অনলাইনে বিআইডব্লিউটিএ বরাবর একটি আবেদন পত্র দাখিল করেন। উক্ত আবেদনপত্রে হাতিয়া হতে নোয়াখালী এবং হাতিয়া হতে চট্রগ্রাম নৌ-রুটে মিনি বোট চালু করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে উল্লেখ্য যে, চট্রগ্রাম-হাতিয়া নৌপথে বিআইডব্লিউটিসি'র নিয়ন্ত্রনাধীন **"এমভি বারআউলিয়া"** জাহাজটি প্রতি সোম ও বৃহস্পতিবার সকাল ০৯.০০ ঘটিকায় চট্টগ্রাম হতে হাতিয়ার উদ্দেশ্যে ছেড়ে যায় এবং প্রতি মঙ্গলবার ও শনিবার সকাল ০৯.০০ ঘটিকায় হাতিয়া হতে চট্টগ্রামের উদ্দেশ্যে ফিরে আসে। বিআইডিব্লিউটিসি'র অপর একটি জাহাজ **"এম ভি শেখ ফজলুল হক মণি"** চাটার্ড এর মাধ্যমে প্রতিদিন ২বার হাতিয়া-নোয়াখালী নৌপথে চলাচল করছে মর্মে বিআইডব্লিউটিসি'র সূত্রে জানা যায়। তাছাড়া চট্টগ্রাম-হাতিয়া ও নেয়াখালী-হাতিয়া নৌ-পথসমূহ সাগর উপকূলীয় হওয়ায় উক্ত নৌপথে নিরাপদ নৌ চলাচলের স্বার্থে সী-ট্রাক বা সাগর উপকূলীয় এলাকায় চলাচলের উপযোগী নৌযান ছাড়া অন্য কোন ছোট নৌযান পরিচালনা করলে কালবৈশাখী ও বর্ষাকালীন অশান্ত আবহাওয়ায় বিপদজনক পরিস্থিতির উদ্ভব হবে এবং এতে জানমালের ক্ষয়ক্ষতি সাধিত হওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়াও উপকুলীয় এলাকায় চলাচলের যোগ্যতা ব্যতীত সাধারণ মানের নৌযান চলাচল আইনের পরিপন্থি। উল্লেখিত নৌপথে সী-ট্রাক জাহাজের সংখ্যা বৃদ্ধির বিষয়ে **বিআইডব্লিউটিসি** কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। যেহেতু জাহাজসমূহ বিআইডব্লিউটিসি কর্তৃক | | | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | নিয়ন্ত্রিত হয়ে থাকে সেহেতু টিকেট কাউন্টারের বিষয়ে বিআইডব্লিউটিসি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। আলোচ্য বিষয়টি অত্র কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ ) সংশ্লিষ্ট নয়, বিআইডব্লিউটিসি সংশ্লিষ্ট বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অভিযোগটি নিষ্পন্ন করা হয়েছে। উল্লেখ্য অভিযোগকারীর অভিযোগপত্রে উল্লিখিত মোবাইলে অবহিত করা হয়েছে। | | | | |

29/05/2022

মোঃ আহসা[illegible] হাবীব
সহকারী সমন্ব[illegible]
বিভাগায় মা[illegible]

29/5/2022

মোহাম্মদ মুখলেছুর রহমান খাঁ
সহকারী পরিচালক (মানব সম্পদ)

29/5/2022

মোঃ আব্দুর রাজ্জাক
উপ-পরিচালক (মানব সম্পদ)

29.05.2022

নামঃ মুহাম্মদ আবু জাফর হাওলাদার
পদবীঃ পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোনঃ ০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইলঃ dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট-লাইন-১৬১১৩